গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
কর্মসংস্থান শাখা
৮৯/২, কাকরাইল, ঢাকা

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
৩১ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৪৯.০১.০০০০.০০০.০০০.৩১.০৪৯৬.২৫.৮৪৭

**বিষয়: রিক্রুটিং এজেন্সি মেসার্স ডাইনেস্টি এমপ্লয়মেন্ট ইন্টারন্যাশনাল (আরএল-১৬০৭) এর সৌদি আরবগামী ৫০ (পঁঞ্চাশ) জন কর্মীর বহির্গমন ছাড়পত্র প্রক্রিয়াকরণের অনুমতি প্রদান প্রসঙ্গে।**

সূত্র: মেসার্স ডাইনেস্টি এমপ্লয়মেন্ট ইন্টারন্যাশনাল (আরএল-১৬০৭) এর ২৫/০৮/২০২৫ খ্রি: এর আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ আবেদনের প্রেক্ষিতে রিক্রুটিং এজেন্সি মেসার্স ডাইনেস্টি এমপ্লয়মেন্ট ইন্টারন্যাশনাল (আরএল-১৬০৭) এর অনুকুলে নিম্নে বর্ণিত শর্তসাপেক্ষে সৌদি আরবগামী মোট ৫০ (পঁঞ্চাশ) জন পুরুষ কর্মীর বহির্গমন ছাড়পত্র প্রক্রিয়াকরণের অনুমতি প্রদান করা হলোঃ

| রিক্রুটিং এজেন্সির নাম, ঠিকানা ও মোবাইল নম্বর | গন্তব্য দেশের নাম | কোম্পানির নাম, আইডি ভিসা নং ও তারিখ | পদের নাম ও কর্মী সংখ্যা, বেতন | অন্যান্য সুবিধাদী | অভিবাসন ব্যয় |
|---|---|---|---|---|---|
| মেসার্স ডাইনেস্টি এমপ্লয়মেন্ট ইন্টারন্যাশনাল (আরএল-১৬০৭)<br><br>হাউজ # ০৯, (৮ম তলা), ফ্লাট # বি৭, রোড # ০৪, ব্লক # এফ, বনানী, ঢাকা-১২১৩।<br>মোবাইল নং: ০১৭১২-৬৫৯৬৫১ | **সৌদি আরব** | Murafiq Al Tanfeeziah For Contracting Company. Riyadh, KSA.<br><br>Demand No: 252206161<br>Date: 22/06/2025<br>Id-7049501849<br>Block Visa no: 1305118339(50)<br>Date:02/11/1446h | **Loading undoding worker ৫০(পঁঞ্চাশ) জন মাসিক বেতন- ১০০০ (রিয়াল) খাবার বাবদ মাসিক - ২০০ (রিয়াল)** | চুক্তির মেয়াদ: ০২ বছর;<br>কর্ম ঘন্টা: প্রতিদিন ০৮ ঘন্টা, সপ্তাহে ০৬ দিন ৪৮ ঘন্টা;<br>ওভারটাইম,বিমান টিকেট, ভিসা চার্জ, বাসস্থান, পানি, বিদ্যুৎ, গ্যাস, চিকিৎসা, ইনস্যুরেন্স, পোশাক এবং নিরাপত্তা: কোম্পানী বহন করবে।<br>বার্ষিক ছুটি (বেতনসহ): কমপক্ষে ২১ দিন/বছর<br>এছাড়া চাকুরীর অন্যান্য শর্তাবলী সৌদি আরবের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে। | ৪৬,০০০/- (ছেচল্লিশ হাজার) টাকা। |

**মোট: ৫০ (পঁঞ্চাশ) জন পুরুষ কর্মী**

শর্তাবলী:

ক. বাংলাদেশ থেকে সৌদি আরবে কর্মী প্রেরণের ক্ষেত্রে রিক্রুটিং এজেন্সিকে অবশ্যই বাংলাদেশ এবং সৌদি আরব উভয় দেশের বিধিবদ্ধ আইন, বিধি বিধান অনুসরণ করতে হবে;

খ. বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন ২০১৩ এর ১৯(৩) ধারা অনুযায়ী রিক্রুটিং এজেন্সিকে বিএমইটির চলমান ডাটাবেইজ থেকে কর্মী নির্বাচন করতে হবে;

গ. ডাটাবেজ থেকে কর্মী নেয়ার বিষয়টি নিশ্চিত করতে হবে, বিএমইটি নিশ্চিত করবেন এবং ডাটবেজ বহির্ভূত কোনো কর্মীর অনুকুলে বহির্গমন ছাড়পত্র প্রদান করবেন না;

ঘ. প্রত্যেক গ্রুপে বাংলাদেশী কর্মী সৌদি আরবে পৌঁছার পর রিক্রুটিং এজেন্সি মন্ত্রণালয়, বিএমইটি এবং বাংলাদেশ দূতাবাস, রিয়াদ বরাবর প্রতিবেদন দাখিল করবেন;

ঙ. বহির্গমন ছাড়পত্র গ্রহণের জন্য নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে এবং চুক্তির বাংলায় অনুবাদকৃত কপি কর্মীকে প্রদান করতে হবে। রিক্রুটিং এজেন্সি বিষয়টি নিশ্চিত করবেন;

চ. বহির্গমন ছাড়পত্র গ্রহণের আবেদনের সাথে বিএমইটিতে চাহিদাপত্র, ক্ষমতাপত্র, চুক্তিপত্র ও দক্ষতা সনদসহ অন্যান্য ডকুমেন্টস দাখিল করতে হবে। বিএমইট হতে প্রাসঙ্গিক তথ্যাদি ও কাগজপত্র যাচাইপূর্বক বহির্গমন ছাড়পত্র (Emigration Clearance Card/BMET Smart Card) প্রদান করা হবে;

ছ. সৌদি আরব প্রান্তের সকল ব্যয় (লেভি, বিমানভাড়া ইত্যাদি) নিয়োগকারী বহন করবেন। কর্মীর ভিসা, বহির্গমন ছাড়পত্র এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সি কর্তৃক অভিবাসন ব্যয় বাবদ কর্মীর নিকট হতে সর্বোচ্চ ৪৬,০০০/- (ছেচল্লিশ হাজার) টাকা চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহন করতে পারবেন এবং প্রমানপত্র বিএমইটি এর মহাপরিচালক বরাবর উপস্থাপন করতে হবে;

জ. চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘিত হবে না, অনুমোদিত কর্মীগণ অবশ্যই চাকুরী পাবেন, প্রত্যেক কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতসহ অন্যান্য সুযোগ-সুবিধা দেয়া হবে এবং কোনো ধরণের অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সিকে কর্মীর আবাসন, খাবার ও প্রত্যাবর্তনের ব্যয়সহ কর্তৃক আরোপিক ক্ষতিপুরণ প্রদানে বাধ্য থাকবেন মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে;

ঝ. কর্মীদের চাকুরীর শর্তাবলী সৌদি আবরের শ্রম আইনের বিধানের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে;

ঞ. এ নিয়োগ সম্পন্ন করে ১৪ দিনের মধ্যে মন্ত্রণালয় ও বিএমইটিকে অবহিত করতে হবে;

ট. প্রতি ফ্লাইটে রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধি কর্মীদের সাথে সৌদি আরবে যাবেন অথবা সৌদি আরবের বিমানবন্দরে একজন প্রতিনিধি কর্মীদের গ্রহণ করার জন্য উপস্থিত থাকবেন;

ঠ. নির্দেশনা অনুসারে কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করতে হবে এবং স্বাস্থ্য বিধি সংক্রান্ত আনুষাঙ্গিক নিয়ম-কানুন প্রতিপালন করতে হবে;
ড. কর্মীর ফ্লাইট নিশ্চিত হওয়ার পর সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সি কর্তৃক ফ্লাইট সিডিউল ও কর্মীর তালিকা বাংলাদেশ দূতাবাস রিয়াদ ও বিএমইটিতে দাখিল করতে হবে;
ঢ. রিক্রুটিং এজেন্সির বিরুদ্ধে কোন অভিযোগ নাই এবং ইতোপূর্বে প্রেরিত কর্মীদের কর্মসংস্থান বিষয়ে নিশ্চিত হয়ে বহির্গমন ছাড়পত্র প্রদান করা হবে; এবং অনুমোদন ক্ষমতা অর্পন পত্রের মেয়াদকাল পর্যন্ত বলবৎ থাকবে;
ণ. কোনো কারণ দর্শাণো ব্যতিরেকে এ প্রক্রিয়াকরণ অনুমতি বাতিল বা সংশোধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৩১-০৮-২০২৫
মো: তানজিল্লুর রহমান
পরিচালক

জনাব খান মাহবুব আলম, স্বত্বাধিকারী
মেসার্স ডাইনেস্টি এমপ্লয়মেন্ট ইন্টারন্যাশনাল (আরএল-১৬০৭), হাউজ # ০৯, (৮ম তলা), ফ্লাট # বি৭, রোড # ০৪, ব্লক # এফ বনানী, ঢাকা-১২১৩।

**স্মারক নম্বর:** ৪৯.০১.০০০০.০০০.০০০.৩১.০৪৯৬.২৫.৮৪৭/১ (১১)

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
৩১ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ইস্কাটন, ঢাকা।
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ইস্কাটন, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (কর্মসংস্থান অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ইস্কাটন, ঢাকা।
৪। অতিরিক্ত মহাপরিচালক (কর্মসংস্থান), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
৫। পরিচালক (সকল), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
৬। কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ দূতাবাস, রিয়াদ।
৭। সিস্টেম এনালিস্ট (অতিরিক্ত দায়িত্ব), আইটি শাখা, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।
৮। ইন্সট্রাক্টর (অতিরিক্ত দায়িত্ব), আইটি শাখা, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।
৯। সহকারী প্রোগ্রামার, আইটি শাখা, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।
১০। কম্পিউটার অপারেটর, আইটি শাখা, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।
১১। মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।

৩১-০৮-২০২৫
মো: তানজিল্লুর রহমান
পরিচালক